দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 13 1999

পৃষ্ঠা ৭ কলাম ৪

## খুলনা বিশ্ববিদ্যালয়

# ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক নং-খুবি/প্রশা-৭৬/৯৩-১২৫ তারিখ : ১১/০৩/১৯৯৯ইং

খুলনা বিশ্ববিদ্যালয়ের ৫টি স্কুলের আওতায় নিম্নলিখিত ১৫টি ডিসিপ্লিনে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

**বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল**

১। স্থাপত্য ডিসিপ্লিন
৫ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
২। কম্পিউটার বিজ্ঞান ও কৌশল ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
৩। ইলেক্টনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
৪। নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
৫। গণিত ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স

**জীব বিজ্ঞান স্কুল**

১। এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্স
২। বায়োটেকনোলজি ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
৩। এনভায়রনমেন্টাল সায়েন্স ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
৪। ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্স
৫। ফরেস্ট্রি এন্ড উড টেকনোলজি ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্স
৬। ফার্মেসী ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স
৭। সয়েল সায়েন্স ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্স

**ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল**

১। ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স

**সমাজ বিজ্ঞান স্কুল**

১। অর্থনীতি ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স

**কলা ও মানবিক স্কুল**

১। ইংরেজী ডিসিপ্লিন
৪ বৎসর মেয়াদী স্নাতক কোর্স

**সকল স্কুলের জন্য যোগ্যতা**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
খ) ১৯৯৭ অথবা ১৯৯৮ সালে যারা উচ্চ মাধ্যমিক/আলীম অথবা সমমানের পরীক্ষায় পাস করেছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

**বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের জন্য যোগ্যতা**

ক) প্রার্থীকে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড হতে কমপক্ষে ৬০% নম্বরসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাস হতে হবে।
খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়নে গড়ে কমপক্ষে ৫৫% এবং উপরোক্ত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে ৪৫% নম্বর পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম অথবা সমমানের পরীক্ষায় উপরোক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাস হতে হবে।
গ) উচ্চ মাধ্যমিক/আলীম অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে দুইটি গ্রুপের জন্য সম্মিলিতভাবে মেধানুসারে প্রথম ২০০০ জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে, তবে ২০০০তম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

**জীব বিজ্ঞান স্কুলের জন্য যোগ্যতা**

ক) প্রার্থীর মাধ্যমিক সমমানের কিংবা উচ্চ মাধ্যমিক/সমমানের যেকোন একটিতে প্রথম বিভাগ/সমতুল্য গ্রেড থাকতে হবে। তৃতীয় বিভাগে/সমতুল্য গ্রেডে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।
খ) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় জীব বিজ্ঞান, রসায়ন, পদার্থ বিজ্ঞান ও গণিত বিষয়সমূহের প্রত্যেকটিতে কমপক্ষে ৪৫% নম্বর থাকতে হবে।
গ) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা অনুসারে প্রথম ২৪০০ জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। তবে ২৪০০তম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

**ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল, কলা ও মানবিক স্কুল এবং সমাজ বিজ্ঞান স্কুলে একত্রে ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা**

ক) প্রার্থীর মাধ্যমিক/সমমানের কিংবা উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগ/সমতুল্য গ্রেড থাকতে হবে। যে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগে/সমতুল্য গ্রেডে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের আবেদন করার প্রয়োজন নাই। ইংরেজী ডিসিপ্লিনের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ইংরেজী বিষয়ে কমপক্ষে ৪৫% নম্বর পেতে হবে।
খ) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধা অনুসারে প্রথম ২৪০০ জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। তবে ২৪০০তম প্রার্থীর সমান নম্বর প্রাপ্ত সকল প্রার্থীকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

**ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচী**

১। আবেদনপত্র বিতরণ শুরুর তারিখ : ১৪/০৩/১৯৯৯ ইং
২। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ : ১৫/০৪/১৯৯৯ ইং
৩। যোগ্য প্রার্থীর নাম ঘোষণার তারিখ : ২৭/০৪/১৯৯৯ ইং
৪। ভর্তি পরীক্ষার তারিখ :

| স্কুল | তারিখ |
|---|---|
| বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল | ০৮/০৫/১৯৯৯ |
| জীব বিজ্ঞান স্কুল | ০৯/০৫/১৯৯৯ |
| ব্যবসায় প্রশাসন স্কুল, মানবিক ও কলা স্কুল এবং সমাজ বিজ্ঞান স্কুল একত্রে | ১০/০৫/১৯৯৯ |

৫। নির্বাচিত প্রার্থীদের তালিকা ঘোষণার তারিখ : ৩০/০৫/১৯৯৯ ইং

**আবেদন করার নিয়মাবলী**

সকল কর্ম দিবসে ব্যাংক চলাকালীন সময়ে অফেরতযোগ্য ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা প্রদান করে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা থেকে সরাসরি সংশ্লিষ্ট স্কুলের আবেদনপত্র ও ভর্তির নিয়মাবলী সংগ্রহ করা যাবে, অথবা অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর নিম্নলিখিত তালিকার শিরোনাম অনুযায়ী অফেরতযোগ্য ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ নিজ ঠিকানাযুক্ত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিট সংবলিত ২২৫ মিঃমিঃ X ১৭০ মিঃমিঃ বা ১০″ X ০৭″ মাপের খাম নিম্নলিখিত তালিকার ঠিকানায় পাঠিয়ে ডাকযোগে আবেদনপত্র ও ভর্তি পরীক্ষার নিয়মাবলী সংগ্রহ করা যাবে।

| স্কুল | পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের শিরোনাম | পত্র প্রেরণের ঠিকানা |
|---|---|---|
| বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল | ভর্তি পরীক্ষা, বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল | ডীন<br>বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল<br>খুলনা বিশ্ববিদ্যালয়<br>খুলনা-৯২০৮। |
| জীব বিজ্ঞান স্কুল | ভর্তি পরীক্ষা, জীব বিজ্ঞান স্কুল | ডীন<br>জীব বিজ্ঞান স্কুল<br>খুলনা বিশ্ববিদ্যালয়<br>খুলনা-৯২০৮। |
| ব্যবসায় প্রশাসন স্কুল, কলা ও মানবিক স্কুল এবং সমাজ বিজ্ঞান স্কুল একত্রে | ভর্তি পরীক্ষা, ব্যবসায় প্রশাসন স্কুল | ডীন<br>ব্যবসায় প্রশাসন স্কুল<br>খুলনা বিশ্ববিদ্যালয়<br>খুলনা-৯২০৮। |

**বিশেষ দ্রষ্টব্য :**

প্রত্যেক স্কুলের আবেদনপত্রের সাথে ঐ স্কুলের জন্য প্রযোজ্য বিস্তারিত নিয়মাবলী সরবরাহ করা হবে। আবেদনপত্র পূরণ, ভর্তি পরীক্ষা ও অন্যান্য বিষয়ে সংশ্লিষ্ট স্কুলের নিয়মাবলী অনুসরণ করতে হবে।

**রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)**
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

এসসি-৩২৪/৯৯ (১৪″ X ৩)
Tender-F(12-3) HD-5